# HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

## সংবাদ বিবৃতি

**আহ্‌মদীয়া মুসলিম জামা'তের সদস্য হওয়ায় শিশুর মৃতদেহ কবর থেকে তুলে রাস্তায় ফেলে রাখার অভিযোগঃ হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)'র তীব্র ক্ষোভ ও নিন্দা এবং নিরপেক্ষ তদন্তসাপেক্ষে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি**

**[১২ জুলাই ২০২০, ঢাকা]** পিতা-মাতা বা পরিবার আহ্‌মদীয়া মুসলিম জামা'তের সদস্য হওয়ায় তিনদিন বয়সি এক শিশুর লাশ কবর থেকে তুলে রাস্তায় ফেলে রাখার অভিযোগ উঠেছে। হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এই অমানবিক এবং মৃত ব্যক্তির প্রতি অত্যন্ত অসম্মান ও অপমানজনক ঘটনার তীব্র নিন্দা ও ক্ষোভ জানাচ্ছে। একইসাথে নিরপেক্ষ ও গ্রহণযোগ্য তদন্তসাপেক্ষে এই ঘটনার সাথে জড়িতদের বিরুদ্ধে কার্যকর ও আইনগত ব্যবস্থা নেয়ার জোর দাবি জানাচ্ছে।

বিভিন্ন সূত্র থেকে জানা গেছে, গত ৯ জুলাই ২০২০ ব্রাহ্মণবাড়িয়া শহর সংলগ্ন সহিলপুর ইউনিয়নের ঘাটুরা গ্রামে শিশুটির মৃত্যু হলে ঘাটুরা গ্রামের সাধারণ কবরস্থানে তাকে দাফন করা হয়। এর কিছুক্ষণের মধ্যেই স্থানীয় একটি দল "'মুসলমানের কবরস্থানে' কোন 'কাদিয়ানীর' সন্তানকে কবর দেয়া যাবে না" বলে মাইকে প্রচার চালাতে থাকে। এভাবে উত্তেজনা ছড়িয়ে "ধর্মপ্রাণ" মুসলমানদের দ্রুত কবরস্থানে সমবেত হওয়ার আহবান জানানো হয়। পরে কবরস্থানে সমবেত জনতা কবর থেকে শিশুটির মৃতদেহ তুলে রাস্তায় ফেলে দেয়। এ ঘটনার পরপরই ইমারজেন্সী সার্ভিস ৯৯৯-এ ফোন করা হলে ব্রাহ্মণবাড়িয়া শহর থেকে পুলিশ আসে এবং ব্রাহ্মণবাড়িয়া শহরস্থ আহ্‌মদীয়া মুসলিম জামা'তে এর কবরস্থানে শিশুটির দাফনের ব্যবস্থা করে তবে যারা শিশুটির লাশ কবর থেকে তুলে রাস্তায় ফেলে রাখে তাদের বিরুদ্ধে পুলিশের পক্ষ থেকে কোনো ধরনের ব্যবস্থা না নেয়ার অভিযোগ উঠেছে। শিশুটির লাশ কবর থেকে তুলে রাস্তায় ফেলে রাখা বাংলাদেশ দণ্ডবিধির ২৯৭ ধারার আওতায় একটি অপরাধ। এইচআরএফবি মনে করে অপরাধীদের বিরুদ্ধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কোন ধরনের আইনী ব্যবস্থা না নিলে তা এ ধরনের অপরাধমূলক কর্মকান্ডকে আরো উৎসাহিত করবে।

সম্মানজনক সৎকার পাওয়ার অধিকার মানবাধিকার। এই অমানবিক ও অসম্মানজন ঘটনায় ফৌজদারী অপরাধের পাশাপাশি মানবাধিকারের লঙ্ঘন। এইচআরএফবি এই ঘটনার নিরপেক্ষ তদন্ত ও সুষ্ঠু বিচারের দাবি জানাচ্ছে। এ ধরণের ঘটনার সাথে জড়িতদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা না নিলে এমন ঘটনার পুনরাবৃত্তি ঘটতে থাকবে যা কোনোভাবেই কাম্য নয়। ফোরাম এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দ্রুত ও কার্যকর পদক্ষেপ প্রত্যাশা করছে।

হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)-এর পক্ষ থেকে-

তামান্না হক রীতি
সমন্বয়ক, এইচআরএফবি


**Secretariat:**
Ain o Salish Kendra (ASK)
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197, Fax: +88-02-810 0187
Email: ask@citechco.net web: www.askbd.org


**Experts:**
Dr.Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy

**Forum Members:**
Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).